



ন্যাশনাল টিউবস লিমিটেড

NATIONAL TUBES LIMITED

API LICENSEE ও ISO 9001 : 2008 সনদপ্রাপ্ত কোম্পানী
(বাংলাদেশ ইম্পোর্ট ও প্রকৌশল করপোরেশন এর একটি প্রতিষ্ঠান)

সূত্র নং- এনটিএল/প্রশাসন/৩১/১৯-৬৭২

তারিখ : ২৩-০৫-২০১৯ ইং

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও সিবিএ প্রতিনিধিদের মধ্যে আলোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ন্যাশনাল টিউবস লিমিটেড এর অফিস ও কারখানায় নিম্নরূপভাবে ছুটি পালন করা হবে :-


(ক)	০২-০৬-২০১৯, ০৩-০৬-২০১৯ ও ০৪-০৬-২০১৯ ইং	
	রোজ রবিবার, সোমবার ও মঙ্গলবার	
	(ইতিপূর্বে ২৬-০১-২০১৯, ০২-০২-২০১৯ ও ২৩-০২-২০১৯	
	শনিবার সাপ্তাহিক ছুটির দিনে কাজের বিনিময়ে)	- ০৩(তিন) দিন
(খ)	০৫-০৬-২০১৯ ইং রোজ বুধবার	
	(ঈদের নির্ধারিত ছুটি)	- ০১(এক) দিন
(গ)	০৬-০৬-২০১৯ ইং রোজ বৃহস্পতিবার	
	(ইতিপূর্বে ০১-০৩-২০১৯ ইং রোজ শুক্রবার	
	সাপ্তাহিক ছুটির দিনে কাজের বিনিময়ে)	- ০১(এক) দিন
	মোট	- ০৫(পাঁচ) দিন

২। ০৭-০৬-২০১৯ ও ০৮-০৬-২০১৯ ইং তারিখ রোজ শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন বিধায় আগামী ০৯ জুন, ২০১৯ রোজ রবিবার রমজান মাসের পূর্বের সময়সূচী অনুযায়ী যথারীতি অফিস ও কারখানা খোলা থাকবে।

৩। প্রতিষ্ঠানের উৎপাদন ও বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ঈদের ছুটির সাথে পূর্বে/পরে কোন প্রকার ছুটি ভোগ করা যাবে না। তবে বিশেষ/জরুরী প্রয়োজনে কারো ছুটির প্রয়োজন হলে তা ছুটি ভোগের পূর্বেই অনুমোদন করে নিতে হবে।

৪। উল্লেখ্য, ছুটিকালীন সময়ে প্রতিষ্ঠানের নিরাপত্তা ও জরুরী কাজে যারা দায়িত্ব পালন করবেন তাদের জন্য উৎপাদন বিভাগীয় প্রধান ও রক্ষণাবেক্ষণ বিভাগীয় প্রধান এবং উর্ধ্বতন নিরাপত্তা কর্মকর্তা নিজ নিজ বিভাগ/শাখায় পৃথক পৃথক আদেশ প্রদানের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। প্রতিষ্ঠানের বৃহত্তর স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।


(সৈয়দ মোহাম্মদ সাহেরুল আজম)

ব্যবস্থাপক (প্রশাসন) ও
প্রশাসন বিভাগীয় প্রধান
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে

বিতরণ :

- ১। সকল বিভাগ/শাখা প্রধান, এনটিএল, টংগী, গাজীপুর।
- ২। সভাপতি/সাঃ সম্পাদক, শ্রমিক কর্মচারী ইউনিয়ন, এনটিএল, টংগী, গাজীপুর।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সহিত সংযুক্ত ডাটা এন্ট্রি অপারেটর, এনটিএল, টংগী, গাজীপুর।
- ৪। সকল নোটিশ বোর্ড, এনটিএল, টংগী, গাজীপুর।

অনুলিপি :

- ১। সচিব, বিএসইসি, ঢাকা।
- ২। বিএসইসির অধিনস্থ সকল শিল্প প্রতিষ্ঠান।